



রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারকনং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.৩৫.২৪. ৬২৪২

তারিখঃ ০৪ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
১৯ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা করণের(RFQ) দরপত্র আহবান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ কর্মরত ৩৭৫ জন কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা করণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্ত বীমা কোম্পানীর নিকট হতে নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহবান করা হলো।

বিবরণ	মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা	একক প্রিমিয়াম রেট	মোট প্রিমিয়াম
ইস্যুরেন্স প্লান- ন্যূনতম= ৩,৭২,০০০/- সর্বোচ্চ= ৫,০০,০০০/- মোট বীমা অংক= ১৮,৩০,০১,৬৮০/-	৩৭৫ জন		

কথায়ঃ -----

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করে আগামী ২৫/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১.৩০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাস্তবে কোটেশন দাখিল করতে পারবেন। প্রাপ্ত দরপত্র সমূহ ঐদিন (২৫/১১/২০২৪ খ্রিঃ) বেলা ১১:৩৫ ঘটিকা সময় দরদাতা গণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে “কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা করণের দরপত্র” কথাটি লিখতে হবে।
- দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতে পারবেন।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মৃত্যুজনিত ঝুঁকি, দুর্ঘটনায় মৃত্যুজনিত ঝুঁকি, স্থায়ী আংশিক/সম্পূর্ণ অক্ষমতা জনিত ঝুঁকি ইত্যাদি সকল ঝুঁকি গ্রহণ করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ০৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে বীমা নবায়ন করণের কাজ সম্পন্ন করতে হবে।
- সন্তোষজনক ভাবে বিল উপস্থাপন সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে সরকারী ভ্যাট/কর কর্তন পূর্বক আপনার হিসাব খাতে প্রাপ্য চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- শর্তাবলীতে উল্লেখ নাই এমন যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত ভাবে গণ্য হবে।
- কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস-১/২/৩/৪।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রংপুর।
- নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, রংপুর/গাইবান্ধা।
- এজিএম (আইটি), রংপুর পবিস-১, রংপুর। (ই-মেইল ও ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ সহ)
- অফিস/মাষ্টার কপি।

(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)